

লাইব্রেরী ॥ কোথায় কেমন সুযোগ-সুবিধা

লাইব্রেরীকে বলা হয় জ্ঞানের ভাণ্ডার। কারণ এখানে অতীত-বর্তমানের গুরুত্বপূর্ণ বই, পত্র-পত্রিকা পড়ার সুযোগ থাকে। অবসর সময়ে লাইব্রেরীতে বই পড়ে প্রসারিত করতে পারেন জ্ঞানের দিগন্ত। ঢাকা শহরেই রয়েছে বেশ কিছু লাইব্রেরী বা পাঠাগার। নিচে এগুলোর কোনটি কখন খোলা থাকে তা দেয়া হলঃ

- পাবলিক লাইব্রেরী। এটি শাহবাগে অবস্থিত। এখানে নানা ধরনের বই, পত্র-পত্রিকা ছাড়াও রেফারেন্সের জন্য অনেক মূল্যবান বই পাওয়া যায়। ফটোকপি ব্যবস্থা রয়েছে। শুক্র ও শনিবার ব্যতীত অন্যান্য যেকোন দিন সকাল ৮ হতে রাত ৮টা পর্যন্ত খোলা থাকে।
- বৃটিশ কাউন্সিল লাইব্রেরী। এটি ঢাকা ক্যাম্পাসের ফুলার রোডে অবস্থিত। এখানে মূলতঃ ইংরেজী বইপত্র ও ম্যাগাজিন পাওয়া যায়। ২৫০ টাকা দিয়ে ১ বছরের জন্য সদস্য হওয়া যায়। বৃহ, শুক্র ছাড়া অন্যান্য দিন সকাল ১০টা হতে সন্ধ্যা ৬টা পর্যন্ত খোলা থাকে।
- মহানগর পাঠাগার। এটি ঢাকার প্রাণকেন্দ্র গুলিস্তানে অবস্থিত। এখানে বিভিন্ন বিষয়ের বই, রেফারেন্সের বই ও পত্র-পত্রিকা পাওয়া যায়। এখানে একটি বাড়তি সুবিধা হল চাকরীর বিজ্ঞপ্তিসহ বিভিন্ন বিজ্ঞাপনের কাটিং রাখা

হয়। ১০০ টাকা জামানত (ফেরতযোগ্য) দিয়ে সদস্য হওয়া যায়। শুক্র ও শনিবার ব্যতীত প্রতিদিন সকাল ৯টা হতে বিকাল ৪.৩০টা পর্যন্ত খোলা থাকে।

বই পাওয়া যায়। শুক্র ও শনিবার ব্যতীত প্রতিদিন সকাল ৯টা হতে ৫ পর্যন্ত খোলা থাকে।

- ইসলামিক ফাউন্ডেশন লাইব্রেরী। বিশাল বই ও পত্র-পত্রিকার



- পেস ইনস্টিটিউট লাইব্রেরী। সাংবাদিক ও সাংবাদিকতায় আগ্রহীদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাংলাদেশের সব ধরনের পত্রিকা ছাড়াও বিভিন্ন বিদেশী ম্যাগাজিন ও

ভাণ্ডার। এ লাইব্রেরীটির অবস্থান বায়তুল মোকাররমের-২য় তলায়। শনিবার ছাড়া অন্যান্য দিন সকাল ১০টা হতে এশার আযান পর্যন্ত খোলা থাকে।

- বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো বা ব্যানবেইস লাইব্রেরী। এটি পলাশী নীলক্ষেত রোডে অবস্থিত। এখানে পড়াশোনা করতে হলে নিজ শিক্ষা প্রতিষ্ঠানের পরিচয় পত্র নিয়ে আসতে হবে। সাপ্তাহিক বন্ধ থাকে শুক্র ও শনিবার। প্রতিদিন সকাল ৯-৩০টা হতে ৪-৩০টা পর্যন্ত খোলা থাকে।
- বিশ্ব সাহিত্য কেন্দ্র। সবুজ শান্ত পরিবেশে শুক্রবার ব্যতীত অন্যান্যদিন বিকাল ৪টা হতে রাত ৮টা পর্যন্ত এই লাইব্রেরীটিতে পড়ার ব্যবস্থা আছে। এখানে বিদেশী সাহিত্যের বই ও তার অনুবাদ রয়েছে। ফেরতযোগ্য জামানত ৪০০ টাকা এবং মাসিক ১০ টাকা দিয়ে সদস্য হওয়া যায়।
- ইউসিস লাইব্রেরী। রোড নং-২৭, বাড়ী নং-১১০ বনানীতে অবস্থিত। এখানে কলেজ ও ভার্টিসিটির শিক্ষার্থীদের পড়ার ব্যবস্থা রয়েছে।
- গণ উন্নয়ন গ্রন্থাগার। এটি ধানমন্ডির সাত মসজিদ রোডে অবস্থিত। ২০০ টাকা জামানত ও ১০টাকা ভর্তি ফি দিয়ে সদস্য হতে হয়। বার্ষিক চাঁদা ২০ টাকা। শুক্রবার ছাড়া প্রতিদিন সকাল ৯টা হতে সন্ধ্যা ৭টা পর্যন্ত খোলা থাকে।

□ নূরুজ্জামান মানিক